

ওসমানী বিমানবন্দরে চালু হলো ফ্রি টেলিফোন-ওয়াইফাই সেবা

- A Monitor Desk Report

Date: 07 September, 2025



সিলেট : বিভাগীয় শহর ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরে বিটিসিএল'র ফ্রি ওয়াইফাই এবং ফ্রি টেলিফোন সেবার উদ্বোধন করেছেন প্রধান উপদেষ্টার ডাক, টেলিযোগাযোগ ও তথ্য-প্রযুক্তি মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত বিশেষ সহকারী ফয়েজ আহমদ তৈয়্যব।

শনিবার (৬ সেপ্টেম্বর) সকালে তিনি এই সেবার উদ্বোধন করেন।

ফয়েজ আহমদ তৈয়্যব বলেন, বিদেশ থেকে আসা এবং বিদেশগামী যাত্রীদের যোগাযোগের সুবিধার্থে বিমানবন্দরে এ সেবা চালু করা হয়েছে। আগামী কয়েক দিনের মধ্যেই পুরো বিমানবন্দরকে ফ্রি ওয়াইফাই এর আওতায় আনা হবে।

এ সময় অন্যান্যের মধ্যে সিলেট জেলা প্রশাসক সারওয়ার আলম উপস্থিত ছিলেন।

-B